



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম।

www.ctgcs.edu.bd Email: hmccs36@yahoo.com

FB Page : www.facebook.com/ctgcollegiate

তারিখ : ৩০/০৭/২০২০ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয় : 'আমার মুজিব' শিরোনামে শিক্ষার্থীদের নিকট থেকে লেখা ও ছবি আহ্বান।

এতদ্বারা অত্র বিদ্যালয়ের ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শোক দিবস-২০২০ ও মুজিববর্ষ উপলক্ষ্যে 'আমার মুজিব' শিরোনামে অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নোক্ত বিভাগওয়ারী লেখা এবং ছবি আহ্বান করা হচ্ছে। মুজিব শতবর্ষে শত (১০০) শব্দের লেখা ও ছবি আঁকার মাধ্যমে শিক্ষার্থীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি তাদের শ্রদ্ধা ও ভালবাসা জানাবে।

ক্রমিক নং	শ্রেণি	বিভাগ
১	ষষ্ঠ হতে অষ্টম	ক
২	নবম হতে দশম	খ
৩	একাদশ-দ্বাদশ	গ

শিক্ষার্থীরা শুধু লেখা, শুধু ছবি, অথবা লেখা ও ছবি একসঙ্গে জমা দিতে পারবে। লেখার জন্য প্রতি উপজেলায় প্রতিটি বিভাগ থেকে দুইজন (০২) জন করে শ্রেষ্ঠ লেখককে পুরস্কার প্রদান করা হবে। ছবির ক্ষেত্রে পুরস্কারের জন্য শিল্পীদেরকে জাতীয়ভাবে নির্বাচন করা হবে। এক্ষেত্রে প্রতিটি বিভাগ থেকে ২৫ জন করে ৩টি বিভাগে মোট ৭৫ জন পুরস্কার পাবে। পরবর্তীতে বাছাই করা লেখা ও ছবিগুলো নিয়ে 'আমার মুজিব' নামে একটি গ্রন্থ প্রকাশ করা হবে।

লেখা পাঠানোর ক্ষেত্রে অনুসরণীয় নিয়মাবলী :

- লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের সাদা কাগজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি তাদের শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে 'আমার মুজিব' শিরোনামে অনধিক ১০০ শব্দের একটি লেখা নিজ হাতে অথবা কম্পিউটারে (Nikosh Font -১৩ সাইজে) লিখবে।
- ছবি আঁকার ক্ষেত্রে A4 সাইজের সাদা কাগজে/আর্ট পেপারে 'আমার মুজিব' বিষয়ে একটি ছবি আঁকবে (যে কোন মাধ্যমে)।
- শিক্ষার্থীরা লেখার ক্ষেত্রে লেখার নিচে এবং ছবির ক্ষেত্রে ছবির পিছনে বিভাগের নাম (ক/খ/গ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখসহ পাসপোর্ট সাইজের একটি ছবি সংযুক্ত করে হার্ডকপি সরাসরি বিদ্যালয়ের অফিসে অথবা অনলাইন মাধ্যমে সফটকপি বিদ্যালয়ের নির্ধারিত ই-মেইল (hmccs36@yahoo.com) ঠিকানায় আগামী ০৬/০৮/২০২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।
- শিক্ষার্থীদের আঁকা সকল ছবিই JPG ফরমেটে A4 সাইজে হাই রেজুলেশনে (শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি এবং বিস্তারিত তথ্যসহ) প্রেরণ করতে হবে।


(দেবব্রত দাশ)

প্রধান শিক্ষক

আইডি-২০১৬২০২০২০

চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম।